দৈনিক খবর

তারিখ ... 17 JUN 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

ভিসিকে লাঞ্ছিত করার অভিযোগ

# ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে ৩ ছাত্রলীগ নেতা বহিষ্কৃত

কুষ্টিয়া ব্যুরো অফিস থেকে মতিউর রহমান লাল্টু ● ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ আবদুল হামিদকে লাঞ্ছিত করার অভিযোগে তিনজন ছাত্রনেতাকে ৫ বছরের জন্যে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের এই সিদ্ধান্তের নোটিশ টানিয়ে দেয়া হলেও অভিযুক্ত ছাত্রনেতাদের কাছে যথাযথভাবে পৌঁছায়নি বলে জানা গেছে। এক সূত্র জানায়, স্বাধীনতা বিরোধীদের প্রত্যক্ষ সহযোগী বর্তমান ভিসি ডঃ আবদুল হামিদের বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন ধরনের দুর্নীতি, স্বেচ্ছাচারিতা ও স্বজনপ্রীতির প্রতিবাদ করায় কর্তৃপক্ষ '৯২ অধ্যাদেশ বলে ছাত্রলীগের তিনজন নেতা আফসার আলী, আজিজুল হাসান ও আনোয়ার হোসেন স্বপনের নামে একটি ষড়যন্ত্রমূলক মামলা দায়ের করে।

কর্তৃপক্ষের অভিযোগে বলা হয়েছে, উক্ত তিন ছাত্রনেতা উপাচার্যের কাছে লক্ষাধিক টাকা চাঁদা দাবী করে। ঐ অভিযোগের প্রেক্ষিতে পুলিশ গত ১২ই এপ্রিল আফসার আলীকে গ্রেফতার করে। গত ১৭ই মে সিন্ডিকেটের বৈঠকে এই তিন ছাত্রনেতাকে চাঁদাবাজির অভিযোগে ৫ বছরের জন্যে ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়। দীর্ঘ এক মাস পর গতকাল বুধবার সিন্ডিকেটের এই সিদ্ধান্ত আনুষ্ঠানিকভাবে নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হয়।

ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের একতরফা এবং অন্যায়ভাবে তিনজন ছাত্রনেতাকে বহিষ্কার করার সঙ্গে সঙ্গে ক্যাম্পাসে চরম উত্তেজনা দেখা দেয়। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগ, সর্বদলীয় ছাত্র ঐক্য ও কুষ্টিয়া জেলা ছাত্রলীগ, আওয়ামী লীগ পৃথক পৃথক বিবৃতিতে এ ঘটনার তীব্র প্রতিবাদ জানিয়েছে।

অপরদিকে সাবেক রেজিস্ট্রার মোস্তাক আলীকে লাঞ্ছিত করার অভিযোগে ছাত্রদল নেতা বেলাল হোসেনকে এক মাসের জন্যে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার করা হয়। বিশ্ববিদ্যালয়ের ডাইরী ছিনতাই ও বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ডের অভিযোগে ইসলামী ছাত্র শিবিরের নেতা কল্লোল, সাদ, মহসীন ও জাকিরকে শুধুমাত্র ছয় মাসের জন্যে হল থেকে বহিষ্কার করেছে।